বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৮৯২ -এ, তারিখঃ ১২/১২/২০২৩ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ চুক্তিভিত্তিকভাবে নিয়োগপ্রাপ্ত কোর্ট কীপার পদে যোগদানপত্র গ্রহণ সংক্রান্ত।**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন স্মারক নং-০৫.০০.০০০০.১৪৬.০০.০৩০.১৮-৪৭৮, তারিখ-২৮/১১/২০২৩ খ্রিঃ মূলে নিম্নবর্ণিত কর্মকর্তা চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র সম্পাদনের মাধ্যমে অত্র কোর্টের হাইকোর্ট বিভাগে কোর্ট কীপার পদে যোগদানের তারিখ হতে ০২(দুই) বছরের জন্য চুক্তিভিত্তিকভাবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় তাঁর যোগদানপত্র নামের পার্শ্বে উল্লিখিত তারিখ ও সময় হতে গৃহীত হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | যোগদানের তারিখ ও সময় |
|---|---|---|
| ১। | জনাব মোঃ সহিদুল ইসলাম<br>চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোর্ট কীপার | ০৪/১২/২০২৩ খ্রিঃ পূর্বাহ্নে |

আদেশক্রমে

স্বা/-

(মুন্সী মোঃ মশিয়ার রহমান)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
E-mail: registrar_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ১১৪৫৮(৯) -এ, তারিখ ঃ১২/১২/২০২৩ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ০৫ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. রেজিস্ট্রার জেনারেল-এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ,বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. জনাব মোঃ সহিদুল ইসলাম, চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোর্ট কীপার, হাইকোর্ট বিভাগ,বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. হিসাব রক্ষক (বাজেট), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১০/১২/২০২৩

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন-০২২২৩৩৮১৮৬৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.১৪৬.০০.০৩০.১৮-৪৭৮ | তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ / ২৮ নভেম্বর ২০২৩

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪৯ অনুযায়ী জনাব মোঃ সহিদুল ইসলাম-কে তার অভোগকৃত অবসর-উত্তর ছুটি ও তদ্‌সংশ্লিষ্ট সুবিধাদি স্থগিতের শর্তে যোগদানের তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছর মেয়াদে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের কোর্ট কীপার পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এই চুক্তিভিত্তিক নিয়োগের অন্যান্য শর্ত অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/১১/২০২

(ড. আশরাফুল আলম)
যুগ্মসচিব
ফোন: ২২৩৩৫৪৫৬১
confapp@mopa.gov.bd

নম্বর- ০৫.০০.০০০০.১৪৬.০০.০৩০.১৮-৪৭৮/১(৩০) | তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ / ২৮ নভেম্বর ২০২৩

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব..........................................................................................................।
৩. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৪. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মন্ত্রী/প্রতিমন্ত্রী-এর একান্ত সচিব, ............................................ (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,..........................................................................................।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, .........................................................................................................।
১২. জনাব মোঃ সহিদুল ইসলাম, প্রাক্তন কোর্ট কিপার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা
(www.mopa.gov.bd)

## চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র

যেহেতু জনাব মোঃ সহিদুল ইসলাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন অবসরপ্রাপ্ত কর্মচারী;

এবং যেহেতু মহামান্য রাষ্ট্রপতি এইমত পোষণ করেন যে জনস্বার্থে জনাব মোঃ সহিদুল ইসলাম-কে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের কোর্ট কীপার হিসেবে যোগদানের তারিখ হইতে নিম্নলিখিত শর্তাধীনে ২ (দুই) বছর পর্যন্ত চুক্তিভিত্তিক নিয়োগ করা সমীচীন;

এবং যেহেতু জনাব মোঃ সহিদুল ইসলাম-কে নিম্নলিখিত শর্তাধীনে উক্ত চুক্তিভিত্তিক নিয়োগ গ্রহণ করিতে সম্মত হইয়াছেন; সেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা -৪৯ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি

জনাব মোঃ সহিদুল ইসলাম-কে নিম্নলিখিত শর্তাধীনে ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ হইতে নিম্নলিখিত শর্তাধীনে ২ (দুই) বছর পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের কোর্ট কীপার হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করিলেন।

১. বেতন-তিনি অবসর গ্রহণ করিবার অব্যবহিত পূর্বে শেষ আহরিত মাসিক মূল বেতনের সমপরিমাণ অর্থ এই নিয়োগের জন্য মাসিক বেতন হিসাবে পাইবেন।

২. তিনি অবসর গ্রহণের পূর্বে চাকরিরত অবস্থায় ৩ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত ভাতা ও আর্থিক সুবিধাদির অতিরিক্ত কোন আর্থিক সুবিধা ভোগ করিয়া থাকিলে তাহাও পাইবেন।

৩. উক্ত পদে সরকারি কর্মচারীর প্রতি প্রযোজ্য বিধি অনুসারে তিনি নিম্নোক্ত ভাতা ও সুবিধাদি পাইবেন:

(ক) সরকারি বাসস্থান/বাড়ি ভাড়া ভাতা।

(খ) চিকিৎসা ভাতা।

(গ) যাতায়াত ও দৈনিক ভাতা।

(ঘ) দুরালাপনী সুবিধাদি (ব্যক্তিগত ট্রাংকল খরচ বাদে)।

(ঙ) ওয়ারেন্ট অব প্রিসিডেন্স অনুযায়ী মর্যাদা।

৪. চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকরির জন্য তিনি কোন বর্ধিত পেনশন বা ইনক্রিমেন্ট (Increased Pension or increment) পাইবেন না।

৫. তিনি চুক্তিকালীন নিজেকে সার্বক্ষণিক ভিত্তিতে সরকারি কাজে নিয়োজিত রাখিবেন। তিনি যে চাকরিতে নিয়োজিত হইতেছেন সেই চাকরিতে জনসেবার যে প্রবিধানিক ব্যবস্থা রহিয়াছে তৎসম্পর্কীয় প্রচলিত সরকারি আচরণ বিধি এবং তৎসঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিধি মানিয়া চলিবেন।

৬. চুক্তিভিত্তিক তাহাকে যে পদে নিয়োগ করা হইতেছে সরকার তাহাকে সেই পদে বহাল রাখিতে বা সম-পদমর্যাদা সম্পন্ন অন্য যে কোন পদে বদলি করিতে পারিবেন।

চলমান পাতা-২

৭. কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে এক মাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাইবে।

৮. এই চুক্তিতে বেতন সম্পর্কে পূর্বে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও এই চুক্তি মোতাবেক দেয় বেতন, ছুটিকালীন বেতন ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত যে কোন জরুরি কর্তন আদেশ প্রযোজ্য হইবে।

৯. যাহা পূর্বে উল্লেখ করা হয় নাই, এইরূপ অন্যান্য বিষয়ে তিনি অস্থায়ী সরকারি কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধানসমূহের আওতাধীন থাকিবেন।

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
মহামান্য রাষ্ট্রপতির পক্ষে

উপরে উল্লিখিত শর্তাধীনে আমি মোঃ সহিদুল ইসলাম ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ হইতে এই চুক্তিভিত্তিক নিয়োগে সম্মত হইলাম।

০৪/১২/২০২৩
(মোঃ সহিদুল ইসলাম)
চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা

স্বাক্ষী:-

১. স্বাক্ষর:............ ০৪/১২/২০২৩

নাম:........ এ এইচ এম তোয়াহা
ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)
(যুগ্ম জেলা জজ)
ঠিকানা:....... বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

২. স্বাক্ষর:............ ০৪/১২/২০২৩

নাম:........ মোঃ ওমর হায়দার
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
(সিনিয়র সহকারী জজ)
হাইকোর্ট বিভাগ
ঠিকানা:....... বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।